# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৬. মিম্বারের কান্নার মাধ্যমে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সম্মানিত করার বিবরণ

بَاب مَا أُكْرِمَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ حَنِينِ الْمِنْبَرِ

আরবী

أَخْبَرَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا الصَّعْقُ، قَالَ: سَمِعْتُ الْحَسَنَ، يَقُولُ: لَمَّا أَنْ قَدِمَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدِينَةَ جَعَلَ " يُسْنِدُ ظَهْرَهُ إِلَى خَشَبَةٍ وَيُحَدِّثُ النَّاسَ "، فَكَثُرُوا حَوْلَهُ، فَأَرَادَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يُسْمِعَهُمْ، فَقَالَ: " ابْنُوا لِي شَيْئًا أَرْتَفِعُ عَلَيْهِ "، قَالُوا: كَيْفَ يَا نَبِيَّ اللَّهِ؟، قَالَ: " عَرِيشٌ كَعَرِيشِ مُوسَى "، فَلَمَّا أَنْ بَنَوْا لَهُ، قَالَ الْحَسَنُ: حَنَّتْ وَاللَّهِ الْخَشَبَةُ، قَالَ الْحَسَنُ: سُبْحَانَ اللَّهِ ! هَلْ تُبْتَغَى قُلُوبُ قَوْمٍ سَمِعُوا؟ قَالَ أَبُو مُحَمَّدٍ: يَعْنِي هَذَا

مرسل إسناده صحيح

বাংলা

৩৮. হাসান রাহিমাহুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন, নবী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন মদীনায় আগমন করলেন তখন লোকদের সাথে কথা বলার সময় তিনি একটি কাষ্ঠখণ্ডের সাথে হেলান দিতেন। তারপর যখন তার চারিপাশে অনেক লোকের সমাগম হল, আর তিনি লোকদেরকে (তাঁর কথা) শুনাবার ইচ্ছা করলেন, তখন তিনি বললেন: ’আমার জন্য এমন একটি জিনিস বানাও, যার উপর আমি আরোহণ করে (খুতবা দিতে) পারি।’ তারা বললেন: হে আল্লাহর নবী, সেটি কেমন হবে? তিনি বললেন: ’মুসা’র মাচা যেমন ছিল, ঠিক তেমনি একটি মাচা। অতঃপর তারা তাঁর জন্য তা (মিম্বার) তৈরী করলেন। (বর্ণনাকারী) হাসান বলেন: আল্লাহর কসম! তখন সেই কাষ্ঠখণ্ডটি কান্না জুড়ে দিল। হাসান বলেন, সুবহানাল্লাহ! আনুগত্যকারী লোকদের অন্তর (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্য) এমন আকাংখী কি? আবূ মুহাম্মদ বলেন: ’অর্থাৎ এ (ঘটনা) টি।’[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: মুরসাল হিসেবে এর সনদ সহীহ।

তাখরীজ: আবী ইয়ালা, আল মুসনাদ ২৭৫৬; সহীহ ইবনু হিব্বান ৬৫০৭; হাইছামী, মাওয়ারিদুয যাম'আন ৫৭৪। আলবানী সহীহাহ ৬১৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=45803

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন